



# বর্ণমালার - সেই গাছটির আশা

## কাইটম পারভেজ



আকাশ থেকে বর্ণমালারা একে একে  
ঝড়ে পড়ছিলো যখন  
ধরণী জেনেছিলো -  
বর্ণমালার গাছ, গাজীউল হক-কে আর  
ধরে রাখতে পারলো না এইবার।

শব্দেরা এখন শোকের মিছিলে  
গানেরা কালো ব্যাজে।  
মাতৃভাষারা আন্তর্জাতিক নীলাভ উঠোনে  
গানের পাখিরাও গেছে চলে।  
প্রভাতফেরীতে ওদের কঠে ---

”লাঠি বন্দুক টিয়ার গ্যাস মিলিটারী আর মিলিটারী  
ভুলবো না সেই রক্তমাখা একুশে ফেরুয়ারী”

এমন গান আর লিখবেন না গাজীউল হক  
এমন গান আর গাইবেন না গাজীউল হক  
গানটা এখন পাখিদের দখলে।

আসবেন না গাজীউল আর কোনদিন  
গাজীউলরাতো একবারই আসেন  
শিশুর মুখে মা বোল দিতে নিত্যদিন।  
সাতান্ন বছরের সেই শিশু-যুবাকে এখন  
বাংলাদেশ নামে ডাকে জগৎ - সারাক্ষণ।

বাংলা অভিধানে নতুন একটি শব্দ লেখা হবে ”গাজীউল”  
অর্থটা যার হবে ’মাতৃভাষা’।  
এ যেন পাখিদের আশা। শব্দের আশা।  
বর্ণমালার - সেই গাছটিরও আশা।  
আ-মরি বাংলা ভাষা।

(১৭ জুন বুধবার ভাষা সৈনিক গাজীউল হক শেষ নিঃশ্বাস ত্যাগ  
করেছেন (ইন্না লিল্লাহে ... ..... রাজেউন। তাঁর বিগত  
আত্মার মাগফেরাত কামনা করি)